DECLARATION

I, ***Beauty Das****, bearing Registration Number Ph.D/ 1266/2010 dated 04.10.2010, hereby declare that the subject matter of this thesis entitled* ***শেখর দাশের আখ্যানে ব্যক্তিসত্তা ও সামাজিক সত্তার দ্বিবাচনিকতা : বিশ্লেষণী পাঠ (Shekhar Daser Akhyane Byaktisatwa O Samajik Satwar Dwibachanikata : Bishleshani Path)*** *is the record of work done by me or to anybody else to the best of my knowledge. The thesis has not been submitted in any other University / Institute.*

This thesis is being submitted to Assam University for the degree of Doctor of Philosophy in Bengali.

(Beauty Das)
Research Scholar
Deptt. of Bengali
Assam University, Silchar-11

Date :
Place : Silchar

অধ্যায় বিভাজন

		পৃষ্ঠা
	প্রাক্‌কথন	১
১.	প্রথম অধ্যায় : শেখর দাশের সাহিত্য ব্যক্তিত্ব : প্রাথমিক পরিচয়	৩
২.	দ্বিতীয় অধ্যায় : শেখর দাশের সাহিত্যব্যক্তিত্ব : 'শতক্রতু' পর্যায়	২০
৩.	তৃতীয় অধ্যায় : বরাক উপত্যকার কথাসাহিত্যের প্রেক্ষিতে শেখর দাশের অবস্থান	৭৭
৪.	চতুর্থ অধ্যায় : শেখর দাশের উপন্যাস বীক্ষা : 'মোহনা'	১১২
৫.	পঞ্চম অধ্যায় : শেখর দাশের উপন্যাস বীক্ষার পরিণত পর্যায় : 'বিন্দু বিন্দু জল'	১৩৮
৬.	ষষ্ঠ অধ্যায় : শেখর দাশের গল্পবিশ্ব : ব্যক্তিসত্তা ও সামাজিক সত্তার অন্বয় ও অনন্বয়	১৭৯
৭.	উপসংহার	২৪৪
৮.	গ্রন্থপঞ্জি	২৪৮

প্রাক্‌কথন

কিশোর বয়সে পাঠ্যপুস্তক ছাড়া গল্প-উপন্যাস পড়তে ভালোবাসতাম। শুধু তাই নয় যে কোন লেখক বা লেখিকার উপন্যাস একদিন বা বেশি হলে দু'দিনে গোগ্রাসে গিলে নিতাম। হাতের কাছ বই হলেই হলো। কিন্তু নিয়তির উপহাস হোক বা জীবনের বিপর্যয় গল্প, উপন্যাস পড়ার জন্য হৃদয় ব্যাকুল তখন পাঠ্যক্রমে বাইরে বেশি আনাগোনা হয়ে উঠেনি। ইচ্ছে ছিল লোকসাহিত্যের কোন বিষয় নিয়ে গবেষণা করব কিন্তু অতৃপ্ত হৃদয়ের বাসনা অধ্যাপক তপোধীর ভট্টাচার্যের সহায়তায় আমার শূন্য জায়গা পূর্ণ করে দিল এক সত্যিকারের পথ প্রদর্শক হিসেবে। শুধু তাই নয়, আমার গবেষণা সন্দর্ভ রচনা মূল্যবান 'আমার আস্থার চেয়ে প্রিয়' দুর্লভ 'শতক্রতু'র যাবতীয় পত্রিকা দিয়ে সাহায্য করেছেন। তাঁর মূল্যবান সময় ও জ্ঞান দিয়ে আমার জটিল চিন্তাভাবনা সহজতর করে দিয়েছেন।

গল্পকার, ঔপন্যাসিক শেখর দাশের অশেষ স্নেহ এবং ভালোবাসায় আমাকে অনুপ্রেরণা দিয়েছে। সত্যি কথা বলতে কী তাঁর সান্নিধ্যে গেলে আমি অন্য জগতে ভেসে যাই। আর মনে হয়, আমার লেখনীতে এত বিখ্যাত গল্পকারের সঠিক মূল্যায়ণ হবে তো! তিনি ভীষণ মুডি মানুষ। অতি সহজে সবার সঙ্গে মিশেন না। আমার জীবনে বাড়তি পাওনা তিনি আমাকে মেয়ের মতো দেখেন। আর জীবনের প্রথম এত স্নেহ-ভালোবাসা লেখায় বর্ণনীয় নয়। তিনি তাঁর প্রকাশিত যাবতীয় বই, পত্রিকা দিয়ে আমার গবেষণার কাজে উৎসাহ দিয়েছেন।

আমার গবেষণার তত্ত্বাবধায়ক অধ্যাপক অশোক দাস বিভিন্ন ভাবে আমাকে উৎসাহ ও অনুপ্রেরণা দিয়েছিলেন। তাঁর সাহচর্য, সহযোগিতা, মূল্যবান তত্ত্ব ও পরামর্শ দিয়ে আমাকে সঠিক পথ দেখিয়েছেন, তার কাছে আমি অশেষ

কৃতজ্ঞ। আমার গবেষণা সন্দর্ভে বিভাগীয় গ্রন্থাগার, আসাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার এবং শিলচরে দ্বিজেন্দ্র ডলি মেমোরিয়াল গ্রন্থাগার বিশেষ সহযোগিতা করেছে। আমায় বিশেষভাবে সাহায্য করেছেন, সুপর্ণা ভট্টাচার্য, প্রীতি মল্লিক এবং সান্তনা দাস। আমার গবেষণার খবরা-খবর নিয়ে এবং তাদের মূল্যবান মত দিয়ে।

এই গবেষণায় যারা আমাকে মানসিকভাবে এবং ভালোবাসার অফুরন্ত আবেগ দিয়ে চিরঋণী করে রেখেছে— তারা হলো আমার মা-বাবা আর ছোট ভাইবোন অজয় ও সুইটি। আর আমার স্বামী অশেষ ধৈর্য ও স্নেহ দিয়ে বিভিন্ন সময়ে আমার সন্দর্ভের কাজে সাহায্য করেছে। এই দীর্ঘ সময়ে জীবনের বিভিন্ন ঘাত-প্রতিঘাতে আমার মানসিক অবস্থা যখন খুবই খারাপ একমাত্র তিনিই আমাকে প্রেরণা দিয়েছেন যে, গবেষণার কাজ সমাপ্ত করার জন্য। আর আমার দু-বছর ৩ মাসের মেয়ে কথা না বললে নয়, আমার অনেক লেখায় এবং বই তার হাতের লেখার জাদুর স্পর্শ প্রত্যক্ষভাবে জড়িত ছিল। আমার সঙ্গে সঙ্গে আমার মেয়ে সার্সি পড়া-লেখা চালিয়ে গেছে ছোট্ট হাতে।

বিউটি দাস